যুগান্তর

তারিখ ... 19 FEB 20·3 ...
পৃষ্ঠা ... ৭ / ... ৬




*মঙ্গলবার এসইউবি আয়োজিত আলোচনা সভায় বক্তৃতারত প্রধান অতিথি সার্ক মহাসচিব কিউএএমএ রহিম*

# দক্ষিণ এশিয়ায় জীবনমান উন্নয়নে জরুরি শিক্ষা

## —সার্ক মহাসচিব

সার্ক মহাসচিব কিউএএমএ রহিম বলেছেন, 'দক্ষিণ এশিয়া অঞ্চলে দারিদ্র্য দূরীকরণ ও জীবনমান উন্নয়নের জন্য সবচেয়ে জরুরি হল শিক্ষা।' স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি) আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে গতকাল তিনি এ কথা বলেন। তিনি সার্ক অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি সাধারণ প্ল্যাটফর্ম গড়ে তোলার ওপর জোর দেন। এসইউবির সিটি ক্যাম্পাসে আয়োজিত এ অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশান্সের সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন।

এসইউবি ভাইস চ্যান্সেলর প্রফেসর মাহমুদ-উল আমীনের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নর্থসাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর ড. হাফিজ জিএ সিদ্দিকী, এসইউবির ভাইস প্রেসিডেন্ট ডাঃ মোঃ মাহবুবু রহমান, এবং বিজনেস স্কুলের উপদেষ্টা অধ্যাপক মোঃ জাকির হোসেন। সংবাদ বিজ্ঞপ্তি।